

ওয়ার্ড সভার কার্যবিবরণী

৬ নং ওয়ার্ড উন্মুক্ত সভা

তারিখ: ০৫/০১/২০২৩, সময়: বিকাল: ০৩.০০ টা

স্থান: সালামতপুর পূর্বপাড়া।

সভাপতি : জনাব মোঃ আশরাফ মোল্যা

সদস্য ৬ নং ওয়ার্ড, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।

উপদেষ্টা : জনাব মোছা: জোহরা বেগম

সংরক্ষিত আসনের মহিলা সদস্য ৪, ৫ ও ৬ ওয়ার্ড, ১নং কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর।

সভার তারিখ : ০৫/০১/২০২৩ খ্রি:

সময় : বিকাল ০৩.০০ ঘটিকা

সভায় উপস্থিতির হাজিরা পরিশিষ্ট-‘ক’ ও ‘খ’

অদ্য জনাব মোঃ আশরাফ মোল্যা, সদস্য ৬ নং ওয়ার্ড, ১নং কামারখালী ইউপি, মধুখালী, ফরিদপুর এর সভাপতিত্বে সভার কার্য শুরু হইল। সভার প্রধান অতিথি হিসাবে উপস্থিত আছেন কামারখালী ইউনিয়নের সুযোগ্য ও সনামধন্য চেয়ারম্যান জনাব মোঃ রাকিব হোসেন চৌধুরী এবং ওয়ার্ডের বিভিন্ন পেশার নারী ও পুরুষ। যথাসময়ে সভায় উপস্থিত থাকার জন্য সকলকে আমার পক্ষ থেকে আন্তরিক মোবারকবাদ। আজ এই সভা কেন ডাকা হইয়েছে? তাহা হয়তোবা কেহ অবগত আছেন, কেহ নাই। মিটিং এর উদ্দেশ্যে হইল এলাকার সার্বিক উন্নয়ন করা। আজ আমাদের মাঝে আমাদের চেয়ারম্যান মহোদয়কে পেয়েছি। তাঁর কাছ থেকে আমাদের অনেক চাওয়া পাওয়ার আছে। চেয়ারম্যান মহোদয়কে বক্তব্য দেওয়ার জন্য অনুরোধ করা হইল। বক্তব্যের শুরুতেই ধৈর্য ধরে মিটিং এ উপস্থিত থাকার জন্য ধন্যবাদ দিয়া বক্তব্য শুরু করেন। তিনি বলেন আজ আমরা এখানে সমবেত হয়েছি ওয়ার্ডে সার্বিক উন্নয়নের লক্ষ্যে। আপনারা আপনাদের এলাকার উন্নয়নমূলক চাহিদার কথা বলবেন। ইউপি উন্নয়ন তহবিল কাবিখা/কাবিটা, টিআর, ADP-এর মাধ্যমে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন ও ভৌত খাতে উন্নয়ন। সকলকে খোলামেলা কথা বলার সুযোগ দেওয়া হইল। উপস্থিত জনগণের মধ্যে হইতে নিতাই সাহা, মোঃ হুমায়ুন ফকির এবং ইউপি সদস্য মোছা: জোহরা বেগম সবার সমস্যার কথা তুলে ধরেন। তখন সভায় বিস্তারিত আলোচনান্তে অগ্রাধিকার এর ভিত্তিতে নিম্নলিখিত স্কীমের তালিকা প্রণয়ন করা হইল।

ক্র: নং	প্রকল্পের নাম	খাতের নাম	সম্ভাব্য ব্যয়	বাস্তবায়নকাল	মন্তব্য
০১	কামারখালী ইউনিয়নে ৬ নং ওয়ার্ডে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে আসবাবপত্র সরবরাহ।	আসবাবপত্র	১৪৪৮০০.০০	২০২২-২৩	
০২	কামারখালী বিভিন্ন স্থানে পানি নিষ্কাশনের জন্য পাইপ কালভার্ট স্থাপন	কৃষি	১,০০,০০০	২০২২-২৩	
০৩	বিভিন্ন স্থানে রাস্তার ফ্ল্যাট সোলিং নির্মাণ।	ভৌত	১,০০,০০০	২০২২-২৩	
০৪	যুব মহিলাদের সেলাই প্রশিক্ষণ ও সেলাই মেশিন সরবরাহ	কুটির শিল্প	১,০০,০০০	২০২২-২৩	
০৫	কামারখালী ইউনিয়নে বিভিন্ন স্থানে ১-৯ নং ওয়ার্ডে স্যানিটারী ল্যাট্রিন সরবরাহ।	পয়নিষ্কাশন	১,০০,০০০	২০২২-২৩	

২। সিদ্ধান্ত: প্রাপ্ত স্কীম/প্রকল্প সমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন পরিষদে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

উপরোক্ত প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য নিম্নলিখিতভাবে ওয়ার্ড কমিটি ও স্কীম সুপারভিশন কমিটি গঠন করা হইল।

ওয়ার্ড কমিটি (WC)

০১	জনাব মোঃ আশরাফ মোল্যা	ইউপি সদস্য	আহবায়ক	
০২	জনাব মোছা: জোহরা বেগম	ইউপি সদস্য	সদস্য সচিব	
০৩	জনাব নিতাই সাহা	শিক্ষিকা	সদস্য	
০৪	জনাব মোঃ জহুর মোল্যা	গণ্যমান্য ব্যক্তি	ঐ	
০৫	জনাব মোঃ হুমায়ুন ফকির	গণ্যমান্য ব্যক্তি	ঐ	
০৬	জনাব ইমানউদ্দিন ফকির	সমাজকর্মী	ঐ	
০৭	জনাব শেখ আব্দুর রাজ্জাক	বীরমুক্তিযোদ্ধার সন্তান	ঐ	

স্কীম সুপারভিশন কমিটি (SSC)

ক্রমিক নং	নাম	পদবী	কমিটিতে পদবী	মন্তব্য
০১	জনাব মোঃ হানেফ	গণ্যমান্য ব্যক্তি	সভাপতি	
০২	জনাব মোছাঃ কুলসুম খাতুন	গণ্যমান্য ব্যক্তি	সদস্য সচিব	
০৩	জনাব মোঃ গোলাম রসুল	গণ্যমান্য ব্যক্তি	সদস্য	
০৪	জনাব মোছাঃ জাহিদা	এনজিও কর্মী	ঐ	
০৫	জনাব মোঃ সেলাইমান মোল্যা	ধর্মীয় নেতা	ঐ	
০৬	জনাব মোঃ কুদ্দুস	সমাজকর্মী	ঐ	
০৭	জনাব সুশান্ত কুমার দে	SAE	ঐ	

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ দিয়া সভার কার্য শেষ করেন।

সভাপতি
স্বাক্ষরিত:-
০৫/০১/২০২৩
(মোঃ আশরাফ মোল্যা)

সভাপতি
০৬ ওয়ার্ড কমিটি

ও

সদস্য ৬ নং ওয়ার্ড

১ নং কামারখালী ইউনিয়ন পরিষদ
মধুখালী, ফরিদপুর।

বিতরণ:

- ১। জেলা প্রশাসক, ফরিদপুর।
- ২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, ফরিদপুর।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, মধুখালী, ফরিদপুর।
- ৪। চেয়ারম্যান, কামারখালী ইউনিয়ন পরিষদ, মধুখালী, ফরিদপুর (স্কীম বা প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৫। জনাব.....।
- ৬। সংরক্ষণ কপি।



GGFM+4CH, Bangladesh



Dhaka Division
Bangladesh

29°C

2022-11-17(Thu) 11:50(AM)

84°F